



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd



জরুরি

নম্বর: ২৭.১১.০০০০.১০১.১৯.০১৮.২১-৩৩৬

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৮
২৭ জুলাই ২০২১

অফিস আদেশ

১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকী পালন উপলক্ষে ১লা আগস্ট ২০২১ থেকে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত, স্থানীয় সরকার, শিক্ষা ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ভবনে ড্রপডাউন ব্যানার ব্যবহারের জন্য সরকারের নির্দেশনা রয়েছে। এছাড়া, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক জাতির পিতা ও ১৫ই আগস্টের শহিদদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনে ড্রপডাউন ব্যানার মুদ্রণ ও ব্যবহারের ক্ষেত্রে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। উক্ত নির্দেশনার আলোকে জাতির পিতা ও ১৫ই আগস্টের শহিদদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনে ড্রপডাউন ব্যানার মুদ্রণ ও ব্যবহারের ক্ষেত্রে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক কেন্দ্রীয়ভাবে নমুনা প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)।

৩। যথাযোগ্য মর্যাদায় ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকী পালন উপলক্ষে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন সকল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র/বিতরণ অঞ্চল/প্রকল্প/দপ্তর/পরিদপ্তরে জাতির পিতা ও ১৫ই আগস্টের শহিদদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনে নমুনা অনুযায়ী (কপি সংযুক্ত) ড্রপডাউন ব্যানার ব্যবহারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: **ব্যানার মুদ্রণ ও ব্যবহারের নমুনা।**

২৭-০৭-২০২১

(সাইফুল ইসলাম আজাদ)

সচিব

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা

☎: ০২-২২৩৩৮৭৩৫০

secretary@bpdb.gov.bd

নম্বর: ২৭.১১.০০০০.১০১.১৯.০১৮.২১-৩৩৬

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৮
২৭ জুলাই ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য, অর্থ/প্রশাসন/কোম্পানি অ্যাফেয়ার্স/পরিকল্পনা ও উন্নয়ন/উৎপাদন/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ২। সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/মহাব্যবস্থাপক/নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৩। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক (তত্ত্বাবধায়ক প্রকৌশলী), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেন্টার, বিউবো, ঢাকা (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সকল অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৭। উপসচিব, প্রশাসন/অর্থ/বিতরণ/পরিকল্পনা ও উন্নয়ন/উৎপাদন/কোম্পানি অ্যাফেয়ার্স, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৮। সকল নির্বাহী প্রকৌশলী/প্রকল্প পরিচালক(নিঃ প্রকৌঃ)/ব্যবস্থাপক(নিঃ প্রকৌঃ)/উপপরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৯। সকল আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ১০। অফিস কপি।

২৭-০৭-২০২১

(প্রণব কুমার ঘোষ)

উপসচিব (সংস্থাপন)

☎: ০২-২২৩৩৮০৫২৩